

কম্পিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ ঘরে বসে আয়-এর এ পর্বে দেখানো হয়েছে ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল। গত মাসে জি-মেইলে ব্লগ সাইট তৈরি করতে জি-মেইল অ্যাড্রেস ও পাসওয়ার্ড দিয়ে সাইন-ইন করা দেখানো হয়েছিল। এ লেখায় এর পরবর্তী অংশ থেকে শুরু করা হয়েছে। এরার পরবর্তী পেজটি এলে প্রয়োজনীয় তথ্য দিন এবং Continue-এ ক্লিক করুন।

ওপরের ডান প্রান্ত থেকে ভাষা হিসেবে English নির্বাচন করুন।



চিত্র-০১

Create a Blog-এ ক্লিক করুন।



চিত্র-০২

এখন আপনাকে নির্ধারণ করতে হবে কোন বিষয়ের ওপর আপনার ব্লগ সাইটটি তৈরি করতে চান। যেমন : ফ্রি গান, ফ্রি মুভিজ, ফ্রি ভিডিও, ফ্রি সফটওয়্যার ইত্যাদি। সেই অনুযায়ী ব্লগ টাইটেল দিন।

এখন Blog Address (URL)-এর ঘরে আপনার সাইটের বিষয়বস্তু অনুযায়ী এমন একটি নাম দিন, যা আপনার সাইট সম্পর্কিত ধারণা দেবে। পছন্দমতো URL Name নেয়ার চেষ্টা করুন ও নামটি খালি আছে কি না দেখার জন্য Check Availability-এ ক্লিক করুন (নামের উদাহরণ <http://readerdesk1.blogspot.com/>), যদি নামটি না থাকে তবে নামটি সামান্য পরিবর্তন করুন। নামটি পেয়ে গেলে Continue-এ ক্লিক করুন।



চিত্র-০৩

এবার পছন্দমতো টেমপ্লেট নির্বাচন করে Continue-এ ক্লিক করুন।

পরবর্তী পেজে এলে Start Blogging-এ ক্লিক করুন।

এখানে আপনার সাইটের তথ্য উপস্থাপন করবেন। এ ব্লগ সাইটে ইমেজ, ভিডিও, স্লাইড

# ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

পর্ব-২

নাহিদ মিথুন



চিত্র-০৪



চিত্র-০৫

শো সবকিছু যুক্ত করে সাইটকে সুন্দর করা যাবে। উদাহরণ : [readerdesk1.blogspot.com](http://readerdesk1.blogspot.com) (আপনার তৈরি করা সুন্দর ব্লগ সাইট পেতে চাইলে যোগাযোগ করুন <http://www.mentorbd.net/> সাইটে)। আপনার তৈরি করা ব্লগ সাইটে একাধিক পৃষ্ঠা যুক্ত করতে পারবেন এবং ইচ্ছেমতো তথ্য উপস্থাপন করতে পারবেন।



চিত্র-০৬

এবার ব্লগ সাইটের মাধ্যমে অর্থ আয় করতে চাইলে AdSense Account-এর Permission বা Acceptance পেতে হবে। একইভাবে AdBrite.com, Kontera.com, Amazon.com-এর Permission বা Acceptance পেতে হবে। AdSense Account-এর Permission বা Acceptance পাওয়ার জন্য আপনাকে যে বিষয়ের ওপর গুরুত্ব দিতে হবে :

০১. ১২০ শব্দের সর্বনিম্ন ৩০ থেকে ৫০টি পোস্ট দিতে হবে।
০২. কোনো অ্যাডাল্ট কন্টেন্ট থাকা যাবে না।
০৩. কোনো ভয়ঙ্কর কন্টেন্ট থাকা যাবে না।
০৪. ব্লগ সাইটগুলো মানুষের জন্য উপকারী হতে হবে।
০৫. মিস লিঙ্ক ও ব্রোকেন লিঙ্ক থাকা যাবে না।
০৬. কোনো অসম্পূর্ণ তথ্য থাকা যাবে না।

আরও বিস্তারিত জানতে ভিজিট করুন [google.com/support/adsense](http://google.com/support/adsense) সাইটে। যদি আপনার ব্লগ সাইটের ওপর যথেষ্ট পরিমাণ

বিষয়বস্তু লিখতে অপারগ হন, তবে আপনি ভিজিট করুন [www.ezine.com](http://www.ezine.com)। এখান থেকে আপনার ওয়েবসাইটের বিষয়বস্তু অনুযায়ী আর্টিকেল খুঁজে বের করুন।



চিত্র-০৭

আপনার ব্রাউজার থেকে [www.ezine.com](http://www.ezine.com)-এ প্রবেশ করুন। এটি একটি আর্টিকেল সাইট। এই সাইটে বিভিন্ন বিষয়ের ওপর প্রচুর আর্টিকেল রয়েছে। আপনার সাইটটি যে বিষয়ের ওপর হোক না কেনো, আপনি প্রয়োজনীয় আর্টিকেল এখানে পাবেন। এখান থেকে আপনার প্রয়োজনীয় আর্টিকেলটি খুঁজে বের করতে সার্চ বক্সে বিষয় লিখে সার্চ দিন।



চিত্র-০৮

এবার দেখুন, আপনার সার্চ সংক্রান্ত অনেকগুলো আর্টিকেল চলে আসবে। এখন যেকোনো একটি আর্টিকেল নির্বাচন করুন।



চিত্র-০৯

সম্পূর্ণ আর্টিকেলটি আপনার সামনে চলে আসবে। আর্টিকেলটি কপি করে আপনার কম্পিউটারে একটি নোটপ্যাড বা এমএস ওয়ার্ডে নিয়ে নিন এবং সেভ করুন। এই আর্টিকেলটি সরাসরি আপনার সাইটে কখনই স্থাপন করবেন না। আর্টিকেলটির অর্থ ঠিক রেখে বাক্যগুলোকে পরিবর্তন করে আপনার কম্পিউটারে সেভ করুন। তাহলে আপনার সাইটের জন্য একটি আর্টিকেল তৈরি হবে। এটিকে এখন একটি সফটওয়্যার দিয়ে ডুপ্লিকেট চেক করবেন। সফটওয়্যারটির নাম হচ্ছে DUPEFREEPRO.

সবিশেষ লক্ষ রাখুন, অনেক সময় সিকিউরিটি ও অপটিমাইজেশনের জন্য সাইটের সিকিউরিটি পরিবর্তন হয়। সুতরাং বইয়ের সাথে না মিললেও আপনি ধীরে ধীরে সাইটের নির্দেশ অনুসরণ করে যাবেন [www.mentorbd.net/](http://www.mentorbd.net/)

ফিডব্যাক : [mentorsystems@gmail.com](mailto:mentorsystems@gmail.com)